**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৯৮/২০১৭**

**ঢাকা, বৃহস্পতিবার ১৮ মে ২০১৭, ৪ জ্যৈষ্ঠ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ক্ষুদ্র নৃগোষ্ঠীকে মূলধারায় এনে উন্নত করার উদ্যোগ নিয়েছে সরকার : ৩৫০ জন শিক্ষার্থীকে বৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

২। রাজধানীকে বাসযোগ্য করতে সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি : প্রধানমন্ত্রী

৩। কাছের লোকরাই বঙ্গবন্ধু হত্যার ষড়যন্ত্র করেছে : প্রধানমন্ত্রী

৪। প্রধানমন্ত্রী নেত্রকোনার খালিয়াজুরী উপজেলা পরিদর্শনে যাচ্ছেন আজ

৫। র‌্যানসমওয়্যার ঝুঁকি মোকাবিলায় সমন্বিত উদ্যোগ নিন : রাষ্ট্রপতি

৬। বাংলাদেশে ফিনল্যান্ডের বিনিয়োগ ও বাণিজ্য বৃদ্ধির আহ্বান বাণিজ্যমন্ত্রীর

৭। ইপিজেড আইন সংশোধন করা হবে : বাণিজ্যমন্ত্রী

৮। চিকুনগুনিয়া ও ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা বাড়াতে হবে : স্বাস্থ্যমন্ত্রী

৯। যে অন্যায় করবে, তাকে আইনের আওতায় আসতেই হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

১০। বিচারক ও আইনজীবীদের শ্রম আইন বিষয়ে বিশেষ প্রশিক্ষণ প্রয়োজন : আইনমন্ত্রী

১১। মগবাজার-মৌচাক উড়াল সেতুর একাংশ উন্মুক্ত করা হলো

১২। জাতীয় শুদ্ধাচার কৌশলের চর্চা বাড়াতে হবে : প্রধান তথ্য অফিসার

চলমান পাতা-২

১। **ক্ষুদ্র নৃগোষ্ঠীকে মূলধারায় এনে উন্নত করার উদ্যোগ নিয়েছে সরকার**
**: ৩৫০ জন শিক্ষার্থীকে বৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, দেশের কোনো অঞ্চলে মানুষ উপেক্ষিত থাকবে না। ক্ষুদ্র নৃগোষ্ঠীকে সমাজের মূল ধারায় ফিরিয়ে এনে সকলের জন্য একটি অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে তার সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তিনি বলেন, ক্ষুদ্র নৃগোষ্ঠীর যারা পিছিয়ে আছেন তাদের শিক্ষা-দীক্ষা এবং আর্থ-সামাজিকভাবে যাতে তারা উন্নত হতে পারেন সেই উদ্যোগ আমরা হাতে নিয়েছি। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল **১৭** মে বুধবার তার কার্যালয়ে আয়োজিত ক্ষুদ্র নৃগোষ্ঠীর শিক্ষার্থীদের শিক্ষা বৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন। অনুষ্ঠানে ৩৫০ জন শিক্ষার্থীর প্রত্যেককে বৃত্তি হিসেবে ২৫ হাজার টাকার চেক প্রদান করা হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **ডেইলি সান** (পৃ.৩,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক.২)।

২। **রাজধানীকে বাসযোগ্য করতে সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বিগত দিনে কোনো পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন না হওয়ায় রাজধানী ঢাকার উন্নয়নে সব পরিকল্পনা বাস্তবায়নে বহুমুখী সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। তিনি বলেন, রাজধানী ঢাকাকে একটি বাসযোগ্য নগরী হিসাবে গড়ে তুলতে আমরা সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি। গতকাল **১৭** মে বুধবার প্রধানমন্ত্রী তাঁর কার্যালয়ে ঢাকা মহানগরীর যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন সংক্রান্ত এক বৈঠকে এ কথা বলেন। বৈঠকে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ঢাকা মহানগরীর যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের জন্য দশটি প্রকল্পের ওপর তাদের পরিকল্পনা প্রধানমন্ত্রীর সামনে উপস্থাপন করেন। প্রধানমন্ত্রী নগরীর যোগাযোগ ব্যবস্থাকে সহজ করা এবং দ্রুত ও সহজভাবে পণ্য পরিবহণের জন্য রাজধানীর চারপাশের বন্যা নিয়ন্ত্রণ বাঁধের উপর দিয়ে সার্কুলার রোড ও ওয়াটার সার্কুলার পথ করার ওপর গুরুত্বারোপ করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.২), **সমকাল** (পৃ.১৯,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.২)।

৩। **কাছের লোকরাই বঙ্গবন্ধু হত্যার ষড়যন্ত্র করেছে : প্রধানমন্ত্রী**

স্বাধীনতার চার বছরের মাথায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হত্যাকাণ্ডের জন্য দলের ভেতরের মানুষের ষড়যন্ত্রকেই দায়ী করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। স্বাধীনতার স্থপতিকে হত্যায় তৎকালীন মন্ত্রী খোন্দকার মোশতাক আহমেদের জড়িত থাকার কথা তুলে ধরে বঙ্গবন্ধু কন্যা বলেন, আরও অনেকে জড়িত ছিল এই ষড়যন্ত্রের সঙ্গে। ঘরে থেকে শত্রুতা না করলে বাইরের শত্রু সুযোগ পায় না। বঙ্গবন্ধু হত্যাকাণ্ডের পর নিজের স্বদেশ প্রত্যাবর্তন দিবসে গতকাল **১৭** মে বুধবার আওয়ামী লীগ নেতাকর্মীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময়ের সময় একথা বলেন প্রধানমন্ত্রী। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২)।

৪। **প্রধানমন্ত্রী নেত্রকোনার খালিয়াজুরী উপজেলা পরিদর্শনে যাচ্ছেন আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা অকাল বন্যা ও পাহাড়ি ঢলে ক্ষতিগ্রস্ত নেত্রকোনার খালিয়াজুরী উপজেলা পরিদর্শনে আসছেন আজ বৃহস্পতিবার। তার আগমন উপলক্ষে স্থানীয় প্রশাসনের পক্ষ থেকে ইতোমধ্যে সব ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে। জেলা প্রশাসন সূত্রে জানা গেছে, সকাল ৯ টা ৪০ মিনিটে প্রধানমন্ত্রী হেলিকপ্টারে খালিয়াজুরী উপজেলা সদরে কলেজ মাঠ-সংলগ্ন নির্মিত হ্যালিপেডে নামবেন। অকাল বন্যায় উপজেলার ক্ষতিগ্রস্ত এলাকা ঘুরে দেখার পাশাপাশি ত্রাণ বিতরণ করবেন তিনি। সুধীজনের সঙ্গে মতবিনিময় করার কথাও রয়েছে তার। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮)।

৫। **র‌্যানসমওয়্যার ঝুঁকি মোকাবিলায় সমন্বিত উদ্যোগ নিন : রাষ্ট্রপতি**

বিশ্বজুড়ে র‌্যানসমওয়্যার ছড়িয়ে বড় বড় ব্যবসা প্রতিষ্ঠানের কম্পিউটার আক্রান্ত হওয়ার প্রেক্ষাপটে এ ঝুঁকি মোকাবিলায় জাতীয় ও আন্তর্জাতিকভাবে সমন্বিত উদ্যোগ নেয়ার তাগিদ দিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। তিনি বলেন, 'অতি সম্প্রতি তথ্যপ্রযুক্তিতে উন্নতদেশসহ বিশ্বের **১৫০**টি দেশে একযোগে সাইবার হামলা বিশ্ববাসীকে চরম ঝুঁকির মধ্যে ফেলে দিয়েছে। এই ঝুঁকি মোকাবিলায় জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে সমন্বিত উদ্যোগ নিতে হবে। হ্যাকারদের কবল থেকে অর্থনীতি, বাণিজ্য, বিনিয়োগসহ উন্নয়ন প্রক্রিয়াকে মুক্ত রাখতে তথ্য-প্রযুক্তির নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করতে নতুন কৌশল ও প্রযুক্তি উদ্ভাবন করতে হবে। গতকাল **১৭** মে বুধবার বিশ্ব টেলিযোগাযোগ ও তথ্য সংঘ দিবস উপলক্ষে রাজধানীতে এক অনুষ্ঠানে রাষ্ট্রপতি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

৬। **বাংলাদেশে ফিনল্যান্ডের বিনিয়োগ ও বাণিজ্য বৃদ্ধির আহ্বান বাণিজ্যমন্ত্রীর**

ফিনল্যান্ডের বিনিয়োগকারীদের বাংলাদেশে বিনিয়োগ ও বাণিজ্য বাড়ানোর আহ্বান জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী

তোফায়েল আহমেদ। তিনি বলেন, বাংলাদেশের অর্থনীতি দ্রুত এগিয়ে যাচ্ছে। বাংলাদেশে এখন বিনিয়োগের চমৎকার পরিবেশ বিরাজ করছে। বিদেশি বিনিয়োগের জন্য সরকার বিশেষ সুবিধা প্রদান করছে। এখানে শতভাগ বিনিয়োগের সুযোগ দেওয়া হচ্ছে, প্রয়োজনে যেকোনো সময় বিনিয়োগকারী শতভাগ বিনিয়োগের অর্থ এবং মুনাফা ফিরিয়ে নিতে পারবেন। উৎপাদিত পণ্য রপ্তানির ক্ষেত্রে একবার শুল্ক প্রদানের সুযোগ দেওয়া



হচ্ছে। বাংলাদেশে তুলনামূলক কম মূল্যে প্রচুর দক্ষ শ্রমিক পাওয়া যাচ্ছে। বিনিয়োগকারীদের স্বার্থ আইন দ্বারা সংরক্ষণ করা হয়েছে। গতকাল **১৭** মে বুধবার সচিবালয়ে বাণিজ্য মন্ত্রণালয়ে বাংলাদেশে নিযুক্ত ফিনল্যান্ডের রাষ্ট্রদূত নিনা ভাসকুনলাথির সঙ্গে মতবিনিময় শেষে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৪), **ভোরের কাগজ** (পৃ.৯,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.২)।

**৭। ইপিজেড আইন সংশোধন করা হবে : বাণিজ্যমন্ত্রী**

ইউরোপীয় ইউনিয়নের প্রস্তাব অনুযায়ী ইপিজেড আইন সংশোধন করা হবে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেছেন, ইউরোপীয় ইউনিয়ন বাংলাদেশের দীর্ঘদিনের বন্ধু। মোট তৈরি পোশাক রফতানির ৫৪ শতাংশ ইউরোপীয় ইউনিয়নে হয়। অস্ত্র ছাড়া বাকি সব পণ্যে তারা শুল্ক সুবিধা দিচ্ছে। তাদের প্রস্তাব বিবেচনা করে ইপিজেড আইন সংশোধন করার উদ্যোগ নেওয়া হয়েছে। ইতিমধ্যে আইনটি সংসদ থেকে প্রত্যাহার করা হয়েছে। এরপরও কেউ যদি আন্তর্জাতিক শ্রম সংস্থা বা বিদেশি ক্রেতাদের সঙ্গে আলাদাভাবে যোগাযোগ করে তবে বিদেশি সংস্থাগুলোর উচিত তাদের প্রত্যাখান করা। গতকাল **১৭** মে বুধবার আন্তর্জাতিক কনভেনশন সিটি বসুন্ধরায় আয়োজিত দুই দিনব্যাপী ডেনিম এক্সপোর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.২)।

**৮। চিকুনগুনিয়া ও ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা বাড়াতে হবে : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম চিকুনগুনিয়া ও ডেঙ্গু প্রতিরোধে আতঙ্ক না ছড়িয়ে গণসচেতনতা কার্যক্রম জোরদার করার আহ্বান জানিয়ে বলেছেন, চিকুনগুনিয়া ও ডেঙ্গু রোগের প্রাদুর্ভাবের কোনো আশঙ্কা নেই। সরকার এক্ষেত্রে বরাবরের মতোই প্রস্তুত। রাস্তাঘাট ও বাড়িঘর পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে সিটি করপোরেশন ও পৌরসভাগুলোকে আরো তৎপর হওয়ার অনুরোধ জানিয়ে মন্ত্রী বলেন, মানুষকে পরিচ্ছন্ন পরিবেশ সৃষ্টিতে উদ্বুদ্ধ করতে গণমাধমের ভূমিকা বেশি। সংবাদপত্র ও ইলেকট্রনিক মাধ্যমে প্রচারণা কার্যক্রম বৃদ্ধির সঙ্গে সঙ্গে স্থানীয় জনপ্রতিনিধি, ধর্মীয় নেতা এবং শিক্ষক সমাজকে সম্পৃক্ত করতে হবে যাতে করে সচেতনতা সৃষ্টির পাশাপাশি পরিচ্ছন্নতা কার্যক্রমে শক্তিশালী তদারকি ব্যবস্থা নিশ্চিত করা যায়। সবাইকে মনে রাখতে হবে, মশা নিধনই এই রোগ প্রতিরোধের সর্বোত্তম উপায়। গতকাল **১৭** মে বুধবার সচিবালয়ে চিকুনগুনিয়া রোগ বিস্তার রোধে করনীয় সংক্রান্ত এক সভায় সভাপতিত্বকালে তিনি এ কথা বলেন। সূত্র- **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৬), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৮)।

**৯। যে অন্যায় করবে, তাকে আইনের আওতায় আসতেই হবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, যে অন্যায় করবে, তাকে আইনের আওতায় আসতেই হবে। প্রভাবশালী বলে বাংলাদেশে কেউ নেই। অন্যায়কারী সমাজপতি বা রাজনৈতিক যেই হোক না কেন, আইনের ঊর্ধ্বে কেউ নয়। গতকাল **১৭** মে বুধবার বঙ্গবন্ধু ডিপ্লোমা প্রকৌশলী পরিষদের 'জাতীয় সম্মেলন ২০১৭'র উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। বাংলাদেশ ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে এ সম্মেলনের আয়োজন করা হয়। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন,বনানীর ঘটনা (দুই শিক্ষার্থী ধর্ষণ) নিয়ে গোয়েন্দা পুলিশের তৎপরতা অব্যাহত আছে এবং ইতিমধ্যে অনেকেই গ্রেফতার হয়েছে। যারা এখনো পলাতক আছে শীঘ্রই তাদেরও গ্রেফতার করা হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৭)।

**১০। বিচারক ও আইনজীবীদের শ্রম আইন বিষয়ে বিশেষ প্রশিক্ষণ প্রয়োজন : আইনমন্ত্রী**

আইএলও'র চাহিদামত লেবার স্ট্যান্ডার্ড তৈরি করতে হলে বাংলাদেশের শ্রম আদালতের বিচারক ও আইনজীবীদের শ্রম আইন ও শ্রম অধিকার বিষয়ক বিশেষ প্রশিক্ষণ দেওয়া প্রয়োজন বলে মন্তব্য করেছেন আইনমন্ত্রী আনিসুল হক। গতকাল **১৭** মে বুধবার সচিবালয়ে আন্তর্জাতিক শ্রম সংস্থার (আইএলও) ইন্টারন্যাশনাল লেবার স্ট্যান্ডার্ড ডিপার্টমেন্টের ফ্রিডম অব এসোসিয়েশন ব্রাঞ্চের প্রধান কারেন কার্টিসের নেতৃত্বে প্রতিনিধি দলের সঙ্গে অনুষ্ঠিত বৈঠকে এ কথা বলেন তিনি। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **ইনকিলাব** (পৃ.১,ক.৫), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৬)।

**১১। মগবাজার-মৌচাক উড়াল সেতুর একাংশ উন্মুক্ত করা হলো**

জনসাধারণের চলাচলের জন্য উন্মুক্ত করা হলো রাজধানীর মগবাজার-মৌচাক উড়াল সড়কের কাওরান বাজার অংশ। রমনা (মগবাজার) প্রান্ত থেকে হাতিরঝিল বরাবর এসে সোনারগাঁও হোটেল পর্যন্ত ৪৫০ মিটারের অংশটি গতকাল **১৭** মে বুধবার উদ্বোধন করেন স্থানীয় সরকার মন্ত্রী খন্দকার মোশাররফ হোসন। **১০** মাত্রার ভূমিকম্প সহনীয় এই মগবাজার-মৌচাক উড়াল সড়কটি **১১**শ **৩৫** কোটি টাকা ব্যয়ে **৩১১**টি ভিত্তির উপর নির্মিত। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **ডেইলি স্টার** (পৃ.২,ক.১)।

**১২। জাতীয় শুদ্ধাচার কৌশলের চর্চা বাড়াতে হবে : প্রধান তথ্য অফিসার**

সততা, কর্তব্যনিষ্ঠা ও নৈতিকতা দ্বারা নিজ নিজ দায়িত্ব পালনের মাধ্যমে দেশের উন্নতি ও অগ্রগতি ধারাকে অব্যাহত রাখতে সর্বক্ষেত্রে জাতীয় শুদ্ধাচার কৌশলের চর্চা বাড়াতে হবে। গত **১৬** মে মঙ্গলবার প্রধান তথ্য অফিসার কামরুন নাহার সচিবালয়ে তার অফিসকক্ষে রাজশাহী আঞ্চলিক তথ্য অফিসের কর্মকর্তা ও

কর্মচারীদের সঙ্গে ভিডিও কনফারেন্সের মাধ্যমে মতবিনিময়কালে একথা বলেন। এক তথ্যবিবরণীতে এ তথ্য জানানো হয়েছে। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.৫)।

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক :** দেশে আরো নতুন এক হাজার ২৯টি হেলথ কমিউনিটি ক্লিনিক স্থাপনের সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে গ্রামীণ জনগোষ্ঠীর দোরগোড়ায় স্বাস্থ্য সেবা পৌছে দিতে তা সহায়ক হবে বলে মত প্রকাশ।

**খ.** **প্রথম আলো :** ঢাকা-গাজীপুর সড়ক প্রশস্ত করার উদ্যোগ নেওয়া হলেও তার আশপাশের সড়কগুলোর বেহাল অবস্থায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে যথাযথ উদ্যোগ নেওয়ার সুপারিশ।

**গ.** **জনকণ্ঠ :** ভোগ্যপণ্যের দাম সহনীয় রাখতে টিসিবি'র ন্যায্যমূল্যে পণ্য বিক্রি নিম্নবিত্ত ও মধ্যবিত্তদের কিছুটা স্বস্তি দিয়েছে উল্লেখ করে সে সাথে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে কঠোর মনিটরিং এর ওপর গুরুত্বারোপ।

**ঘ.** **সংবাদ :** যথাযথ প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বাড়িয়ে জনশক্তি রপ্তানি করা গেলে অপেক্ষাকৃত বেশি বৈদেশিক মুদ্রা আসবে বলে মত প্রকাশ।

**ঙ.** **ইন্ডিপেনডেন্ট :** বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন এবার বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষাকদের জন্য বাধ্যতামূলক সার্ভিস রুল প্রণয়নের উদ্যাগ নেওয়ার বিষয় তুলে ধরে বেসরকারি বিশ্ববিদ্যালয়কে এসব রুল মেনে চলতে বাধ্য করায় সরকারকে কঠোর হওয়ার সুপারিশ।

**চ.** **ডেইলি সান, ডেইলি স্টার, নিউ নেশন :** দেশের স্বর্ণ ব্যবসায় স্বচ্ছতা ও জবাবদিহিতা না থাকায় সরকার বিপুল রাজস্ব থেকে বঞ্চিত হওয়ায় স্বর্ণ চোরাচালান বন্ধের ব্যবস্থা করে আইনি প্রক্রিয়ায় সহজ পদ্ধতিতে দেশে স্বর্ণ আমদানির ব্যবস্থা করার আহ্বান।

**ছ.** **নিউজ টুডে :** রাজধানীর ৬৭ শতাংশ বাচ্চার খেলাধুলার জন্য কোনো মাঠ না থাকায় তারা শারীরিক ও মানসিকভাবে মজবুত হয়ে বেড়ে না ওঠায় এ ব্যাপারে কর্তৃপক্ষকে যথাযথ নজর দেওয়ার সুপারিশ।

**জ.** **নিউ নেশন :** চালসহ নিত্যপণ্যসামগ্রীর মূল্য ক্রমাগত বেড়ে চলায় উদ্বেগ প্রকাশ করে আসন্ন রমজানে পণ্যসামগ্রীর সরবরাহ পর্যাপ্ত রাখাসহ পণ্যমূল্য নিয়ন্ত্রণে রাখার ওপর গুরুত্বারোপ।

**ঝ.** **নিউ এজ :** বাংলাদেশে পাউরুটিতে বিশ্বস্বাস্থ্য সংস্থার অনুমোদিত মাত্রার চেয়ে অধিক মাত্রায় লবণ থাকা ও ফলমূলসহ অনেক খাদ্যপণ্যে বিষাক্ত রাসায়নিক মিশ্রিত থাকায় হৃদরোগ, ক্যান্সার ও শ্বাসতন্ত্রের জটিলতার হার ৫৯ শতাংশ বেড়ে যাওয়ায় ন্যাশনাল ফুড সেফটি অথোরিটিকে খাদ্য নিরাপত্তায় দ্রুত কঠোর পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে ।

**উপ-সম্পাদকীয়**

**ভোরের কাগজ** পত্রিকায় প্রকাশিত কলামে ভারতের বিশাল অর্থনীতির বিপরীতে বাংলাদেশকে টিকে থাকতে হলে ও আর্থ-সামাজিক রাষ্ট্রীয় সবকিছু বিবেচনায় নিলে ভারতের সাথে বাংলাদেশের বন্ধুত্বের কোনো বিকল্প নেই বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'গ্রামীণ নারীদের অর্থনৈতিক উন্নয়নে একটি বাড়ি একটি খামার'** শিরোনামের নিবন্ধে আব্দুর রহমান বর্তমান সরকারের ঐকান্তিক প্রচেষ্টার 'একটি বাড়ি একটি খামার' কর্মসূচি গ্রামীণ অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে বলে অভিমত প্রকাশ করেছেন।

#
ডালিয়া/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা